



ভর্তি সংক্রান্ত তথ্য জানতে Visit করুন

www.hccbd.com

fb page: www.facebook.com/Holy-Cross-College-Dhaka-304404821308

হলি ক্রস কলেজ

তেজগাঁও, ঢাকা - ১২১৫

২০২১-২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির তথ্যাবলী - ২০২১

EIIN: 131962

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের শিক্ষা মন্ত্রণালয় ২০২১-২০২২ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে হলি ক্রস কলেজকে নিজস্ব প্রক্রিয়ায় ভর্তি গ্রহণের জন্য সদয় অনুমতি প্রদান করেন। লিখিত পরীক্ষার মাধ্যমে ভর্তির জন্য শিক্ষার্থী নির্বাচন করা হবে।

ভর্তির আবেদন যোগ্যতা:

বিজ্ঞান বিভাগ : এসএসসি পরীক্ষায় **জিপিএ ৫.০০** প্রাপ্ত। (এসএসসিতে অবশ্যই **Higher Math.** ও **Biology** থাকতে হবে।)

মানবিক বিভাগ : এসএসসি পরীক্ষায় **জিপিএ ৩.০০ হতে ৫.০০** প্রাপ্ত।

ব্যবসায় শিক্ষা : এসএসসি পরীক্ষায় **জিপিএ ৪.০০ হতে ৫.০০** প্রাপ্ত।

➤ বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা বিভাগে ৪.০০ ও তদূর্ধ্ব জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরাও মানবিক বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

➤ বিজ্ঞান বিভাগের ৪.২৫ ও তদূর্ধ্ব জিপিএ প্রাপ্ত শিক্ষার্থীরাও ব্যবসায় শিক্ষা বিভাগে ভর্তির আবেদন করতে পারবে।

ভর্তিচ্ছুক শিক্ষার্থীকে, আগামী ০৮ জানুয়ারি ২০২২ বিকাল ৫টা হতে ১১ জানুয়ারি ২০২২ তারিখ রাত ১২টার মধ্যে

<https://sites.google.com/view/hcca/> লিংক-এ ক্লিক করে অথবা

কলেজ ওয়েবসাইট www.hccbd.com অথবা www.hcc.edu.bd - এ Admissions>Admission Application - এ ক্লিক করে আবেদন ফর্ম পূরণ করতে হবে।

❖ সঠিকভাবে ফর্ম পূরণ করে বিকাশের (bKash) মাধ্যমে চার্জসহ ২৬০/- (দুইশত ষাট টাকা) টাকা জমা দিয়ে ফর্ম Submit করতে হবে। আবেদন ফর্ম ও Application Confirmation Slip ডাউনলোড দিয়ে প্রিন্ট কপি অবশ্যই সংগ্রহ করতে হবে।

❖ সিলেকশন টেস্টের দিন সঙ্গে আনতে হবে: ১) পাসপোর্ট সাইজের ছবি সংযুক্ত আবেদন ফর্ম, ২) Application Confirmation Slip এর কপি, ৩) এসএসসি প্রবেশপত্র ও অনলাইন ট্রান্সক্রিপ্ট এর কপি। (সবগুলো একত্রে স্টেপলার করে ডান পাশের কোণে Application ID No. লিখে আনতে হবে এবং পরীক্ষার হলে অবশ্যই জমা দিবে।)

❖ পরবর্তী সময়ে ভর্তি সংক্রান্ত যেকোন কাজে Application Confirmation Slip সঙ্গে আনতে হবে।

ভর্তির আবেদন ফর্ম পূরণ সংক্রান্ত:

১। অনলাইনে ভর্তির আবেদন ফর্ম পূরণের সময় সঠিক ও নির্ভুল তথ্য দিতে হবে। কোন ভুল তথ্য প্রদান করলে ভর্তির আবেদন বাতিল বলে গণ্য হবে। ভর্তি হওয়ার পরও যদি প্রদত্ত তথ্য ভুল প্রমাণিত হয়, সেক্ষেত্রে কলেজ কর্তৃপক্ষ ভর্তি বাতিল করার অধিকার রাখেন।

২। ভর্তি আবেদন ফর্ম পূরণের সময় এসএসসি পরীক্ষার প্রবেশপত্র ও ট্রান্সক্রিপ্ট অনুযায়ী তথ্য প্রদান করতে হবে।

৩। আবেদন ফর্মে আবেদনকারীর সদ্য তোলা ছবি আপলোড দিতে হবে (মুখাবয়ব দৃশ্যমান হতে হবে)।

৪। আবেদন ফর্মে শিক্ষার্থীর এসএসসি পরীক্ষায় প্রাপ্ত গ্রেড পয়েন্ট দিতে হবে। (i. ফিজিক্যাল এডুকেশন, হেল্থ ও স্পোর্টস ii. কেরিয়ার এডুকেশন ব্যতিত)

৫। **সিলেকশন টেস্ট:** এসএসসি সংক্ষিপ্ত সিলেবাস অনুযায়ী সিলেকশন টেস্ট নেয়া হবে।

৬। **লিখিত পরীক্ষার বিষয়:** বিজ্ঞান বিভাগ- বাংলা, ইংরেজি, ICT, পদার্থ বিজ্ঞান, রসায়ন, উচ্চতর গণিত ও জীববিজ্ঞান।

মানবিক বিভাগ- বাংলা, ইংরেজি, ICT, সাধারণ গণিত, ভূগোল, পৌরনীতি, অর্থনীতি ও ইতিহাস।

ব্যবসায় শিক্ষা বিভাগ- বাংলা, ইংরেজি, ICT, সাধারণ গণিত, হিসাব বিজ্ঞান, ব্যবসায় উদ্যোগ এবং ফিন্যান্স ও ব্যাংকিং।

৭। **সিলেকশন টেস্টের তারিখ:** বিজ্ঞান বিভাগ- ১৪ জানুয়ারি ২০২২ (শুক্রবার), মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ- ১৫ জানুয়ারি ২০২২ (শনিবার)।

৮। **সিলেকশন টেস্টের সময় ও আসন বন্টন কলেজ ওয়েব সাইটে** (www.hccbd.com অথবা www.hcc.edu.bd) প্রকাশ করা হবে।

৯। **ভর্তি ফলাফল নির্ধারণ প্রক্রিয়া:** এসএসসি পরীক্ষার ফলাফল ও সিলেকশন টেস্টে প্রাপ্ত নম্বরের ভিত্তিতে চূড়ান্তভাবে নির্বাচন করা হবে। অগ্রাধিকার ভিত্তিতে নিজ বিদ্যালয়ের শিক্ষার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, সংখ্যালঘু, প্রতিবন্ধী, প্রত্যন্ত এলাকার স্কুল এর শিক্ষার্থীদের স্ব স্ব গ্রুপের মেধাতালিকা অনুযায়ী বিবেচনা করা হবে।

১০। **ভর্তির ফল প্রকাশ:** নির্বাচিত শিক্ষার্থীদের ফলাফল কলেজ ওয়েব সাইটে (www.hccbd.com) ও নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। ফলাফল ও চূড়ান্ত ভর্তির তারিখ ও সময় সিলেকশন টেস্টের দিন জানানো হবে।

১১। **আসন সংখ্যা:** বিজ্ঞান বিভাগ- ৭৮০, ব্যবসায় শিক্ষা বিভাগ- ২৮০ ও মানবিক বিভাগ- ২৭০।

১২। আপডেট তথ্যের জন্য নিয়মিত কলেজ ওয়েব সাইট ভিজিট করতে হবে।

কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় ভর্তি প্রক্রিয়ায় পরিবর্তন হতে পারে।

বিদ্রোহ বিবাহিতদের আবেদন করার প্রয়োজন নাই। সেশন চলাকালীন সময়ে কারো বিয়ে হলে তাকে টি.সি. দেয়া হবে (বাল্য বিবাহ আইনত অপরাধ)। অবশ্যই কলেজ নির্ধারিত ইউনিফর্ম পরিধান করতে হবে। কলেজে মোবাইল ফোন আনা ও ব্যবহার করা সম্পূর্ণ নিষেধ। এ সকল বিষয়ে আপত্তি থাকলে আবেদন করার প্রয়োজন নাই।

হেল্প লাইন: ৫৮১৫২৫১৬, ০১৮৯৩৩০৯২৬৯, ০১৫৫৬৩১৮১৫২, ০১৭৪১৬২৮৭৭৬।